



127918

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/ ২২০০

তারিখ: ০২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ**বিষয়: রিট পিটিশন নং- ১৫১/২০২০ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগের গত ২৩.০৬.২০২০খ্রিঃ আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে**

সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১১৯১/৫; তারিখ: ২৬.০৮.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (চূড়ান্ত বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান আলী কর্তৃক দায়েরকৃত ভিসি রিট পিটিশন নং-১৫১/২০২০ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট তার ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য গত ২৩.০৬.২০২০খ্রিঃ আদেশ জারি করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশ মোতাবেক জনাব মোঃ শাহজাহান আলী এর ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত/অভিযোগ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ০৭.০৯.২০২০খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য সভাপতি, সুপার (ভারপ্রাপ্ত) ও সুপার (চূড়ান্ত বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান আলীকে সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব আঃ খালেদ, ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ জয়নাল আবেদীন ও চূড়ান্ত বরখাস্তকৃত সুপার জনাব মোঃ শাহজাহান আলী স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ শাহজাহান আলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(২) অনুসারে তদন্ত না হওয়ায় বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় বিধি মোতাবেক বরখাস্তকরণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় জনাব মোঃ শাহজাহান আলী এর চূড়ান্ত বরখাস্ত আদেশ প্রত্যাহার করে স্বপক্ষে বহাল করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

- প্রাপক: ১, সভাপতি, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
২, সুপার (ভারপ্রাপ্ত), জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৩, জনাব মোঃ শাহজাহান আলী, সুপার, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা
গ্রাম: আজমপুর, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর;

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/ ২২০০

তারিখ: ০২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক, রংপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪